

রমেক ছাত্রলীগ নেতার কক্ষে মিলল দেশীয় অস্ত্র-মদের বোতল

প্রতিনিধি, রমেক

: রোববার, ১৮ আগস্ট ২০২৪



রংপুর মেডিকেল কলেজের (রমেক) পিন্নু ছাত্রাবাসে অভিযান চালিয়ে কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ডা. তানভীর রহমান প্রান্তর কক্ষ থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র ও মদের বোতল জরু করেছে পুলিশ।

শনিবার (১৭ আগস্ট) রাত ১১টার দিকে সেখানে অভিযান চালানো হয়।

পরে ওই কক্ষ থেকে লোহার তৈরি ছোড়া, স্টিলের ছোড়া, রামদা, লোহার পাইপ, অ্যালুমিনিয়ামের তার, মোটরসাইকেলের চেইন, ডায়েরি এবং বিদেশি মদের খালি বোতল পাওয়া গেছে। এ ঘটনায় ছাত্রলীগ নেতা ডা. তানভীর রহমান প্রান্তসহ অঙ্গাতদের নামে কোতোয়ালি থানায় এজাহার দাখিল করেছেন হল সুপার ডা. এ এস মাজেদুল ইসলাম।

রংপুর মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোন্তাছের বিল্লাহ জানান, রংপুর মেডিকেল কলেজের পিন্নু ছাত্রাবাসের

২৩ নম্বর কক্ষে অভিযান চালানো হয়। সেখানে দেশীয় অস্ত্রসহ বেশ কিছু মদের বোতল পাওয়া গেছে। ওই কক্ষটিতে মেডিকেল কলেজ শাখা ছাত্রলীগ সাধারণ সম্পাদক ডা. তানভীর রহমান প্রান্ত থাকতেন। অভিযানের সময় তাকে পাওয়া যায়নি।